1559/04/2020

আনন্দবাজার পত্রিকা ১৫/০৩/২০২০





■ **আহত:** হাসপাতালের পথে শিল্পী মণ্ডল। *নিজস্ব চিত্র*

# মাতৃভূমি লোকালে পাথর, জখম তরুণী

**নিজস্ব সংবাদদাতা**

সচেতনতার প্রচার থামার অল্প কিছু ক্ষণের মধ্যেই ফের চলন্ত ট্রেন লক্ষ্য করে ছোড়া হল পাথর। নিশানা করা হল মহিলাদের জন্য নির্ধারিত শিয়ালদহ-বনগাঁগামী মাতৃভূমি লোকাল। পাথরের আঘাতে পায়ে ভাল রকমের আঘাত পেলেন এক তরুণীযাত্রী। এ বারেও ঘটনাস্থল সেই বারাসত ও বামনগাছি স্টেশনের মাঝের একটি জায়গা। শুক্রবার সন্ধ্যার ওই ঘটনায় শনিবার পর্যন্ত কাউকে ধরতে পারেনি পুলিশ।

রেল পুলিশ জানিয়েছে, আহত ওই তরুণীর নাম শিল্পী মণ্ডল (৩০)। পাথরের আঘাতে পায়ে গুরুতর চোট পান তিনি। আঘাতের কারণে তাঁর ক্ষতস্থানে সাতটি সেলাই পড়েছে বলে জানিয়েছেন ওই মহিলার স্বামী আশিস মণ্ডল।

পুলিশের উদ্যোগে ট্রেনে পাথর না ছোড়ার জন্য শুক্রবারেই দিনভর বিধাননগর থেকে দমদম, বিরাটি, বারাসত, বামনগাছির মতো স্টেশনের লাইনের ধার ধরে চলছিল সচেতনতার পদযাত্রা। সেই পদযাত্রা থামার কয়েক ঘণ্টার মধ্যেই পাথর ছোড়ার ওই ঘটনা ঘটে।

ঘটনার পরে পুলিশের ভূমিকায় ক্ষুব্ধ রেলযাত্রীদের একটি বড় অংশ। তাঁদের অভিযোগ, পরের পর এমন ঘটনা ঘটছে। অথচ দুষ্কৃতীরা ধরা পড়ছে না। রেলযাত্রীরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। কখনও মহিলা কামরা লক্ষ্য করে উড়ে আসছে পাথর, কখনও আবার উড়ে আসছে প্যাকেটবন্দি মূত্র। সম্প্রতি ওই সব ঘটনায় এ পর্যন্ত কাউকেই ধরতে পারেনি পুলিশ।

পাথরের আঘাতে আহত যাত্রী শিল্পীর স্বামী আশিসবাবু শুক্রবার

# ক্লাবকে অনুদান দেওয়ার আগে ‘কর্তব্যের’ পাঠ

**রবিশঙ্কর দত্ত**

সরকারি অনুদান পাওয়া বেশ কিছু ক্লাব তাদের ‘সামাজিক কর্তব্য’ ঠিক ভাবে পালন করেনি বলে অভিমত রাজ্যের। তাই অনুদানের বকেয়া কিস্তি দেওয়ার আগে তাদের সে ব্যাপারে পরামর্শ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ক্রীড়া দফতর। যে সিদ্ধান্তের পিছনে রাজনৈতিক কৌশল দেখছেন বিরোধীরা।

২০১২ সালে রাজ্যের ক্লাব ও সামাজিক প্রতিষ্ঠানগুলিকে আর্থিক সাহায্য দেওয়ার এই পরিকল্পনা নিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। ক্রীড়া পরিকাঠামো উন্নয়নের জন্য প্রথম দফায় ৭৮১টি ক্লাবকে অনুদান দেওয়া হয়েছিল। পরে আরও কয়েক হাজার ক্লাব এই প্রকল্পের আওতায় আসে। প্রথম বছর অনুদান দেওয়া হয় দু’লক্ষ টাকা। তার পর তিন বছর এক লক্ষ টাকা করে। অনুদানের জন্য আবেদন করার সময়ই ক্রীড়া দফতরের নির্দিষ্ট বিধি মানতে হয় ক্লাব ও প্রতিষ্ঠানগুলিকে। পরবর্তী কিস্তির টাকা পেতে আবেদনের জন্যও নির্দিষ্ট নিয়মবিধি রয়েছে।

ঘটনা হল, শুধু ক্রীড়া পরিকাঠামো উন্নয়ন নয়, ক্লাব ও বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের সামাজিক প্রভাবের কথা মাথায় রেখে এই প্রকল্প থেকে রাজনৈতিক লাভের অঙ্কও কষেছিল শাসক শিবির। কিন্তু গত লোকসভা ভোটে ধাক্কা খাওয়ার পরে ক্লাবগুলি সম্পর্কে নতুন করে ভাবনাচিন্তা শুরু করেছে তৃণমূল। সরকারি সূত্র বলা হচ্ছে, পর্যালোচনা করে দেখা গিয়েছে, ‘সামাজিক কর্তব্য’ পালনের ক্ষেত্রে কোনও কোনও ক্লাব বা প্রতিষ্ঠানের ভূমিকা আশানুরূপ নয়। তাই তাদের পরামর্শ দেওয়ার কথা ভাবা হয়েছে। ঠিক হয়েছে, কলকাতা পুলিশ এবং রাজ্যের থানাগুলি অনুদানের চেক বিলি করবে ও ক্লাবগুলিকে প্রয়োজনীয় পরামর্শ দেবে। তবে কারও প্রাপ্যই আটকানো হবে না। ক্লাবগুলিকে ‘সামাজিক কর্তব্য’ বোঝাতে ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন জায়গায় সমন্বয় কমিটি তৈরি করা হয়েছে। বহু জায়গায় সেই কমিটির সঙ্গে যুক্ত আছেন শাসক দলের স্থানীয় বিধায়ক।

বিরোধীদের অভিযোগ, প্রতিটি ক্লাবের রাজনৈতিক আনুগত্য নিশ্চিত করতেই পুলিশের মাধ্যমে চেক বিলির সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। শাসক দলের নেতারা অবশ্য প্রকাশ্যে সেই অভিযোগ মানতে নারাজ। ক্লাব-সংগঠনের প্রভাব সর্বত্র তাঁদের পক্ষে আসেনি সে কথা স্বীকার করলেও শাসক দলের এক শীর্ষনেতার কথায়, “এমন নয় যে আমরা ক্লাবকে অনুদান দিয়ে তৃণমূলের পক্ষ নিতে বলছি। তবে তারা কোনও পক্ষ নিলে তা অবশ্যই আমাদের বিবেচনায় রাখতে হবে।”




গীতারা

আমাদের পরমারাধ্যা মাতৃদেবী গত

পরলোক গমন

আজ তাঁর আত্মার শান্তি কামনায়

সকলে অ

গীতাভ

বিএ-৪০ সল্টলেক সিটি,

শ্রদ্ধাপ

পরিচালক ও

গ্লোব পারফিউ



INSTITUTE OF ENGINEERING & MANAGEMENT

NAAC "A" GRADE INSTITUTE (CORPORATE BUSINESS SCHOOL)

Located beside Billion Dollar Multinational Companies resulting in exceptional Placements.

31+ years of Academic Excellence

Thousands of Alumni in top positions

Approved by AICTE, Affiliated to MAKAUT, Formerly known as WBUT

Global Global

MBA/PGDM


ADMISSION OPEN 2020


HRM, FINANCE, MARKETING, BUSINESS ANALYTICS

OPERATION MANAGEMENT, MANAGEMENT INFORMATION SYSTEM

Eligibility : 50% in 10th, 12th and Graduation.

Entrance : (FOR MBA CAT/JEMAT) (FOR PGDM - MAT/JEMAT)




PLACEMENTS

Avg Package : 5 Lakh

Max Package : 40 Lakh

kotak OYO future group airtel TATA HONDA amazon Ambuja Cement Godrej ESPN AXIS BANK FEDERAL BANK videocon Infosys SREI Flipkart PHILIPS wipro hp HDFC BANK Capgemini ICICI Bank IBM pwc HSBC

- Awarded Outsta
- Dewang Mehta N
- Awarded Best B-
- Tiger award cere
- Study abroad pr
- CANADA, Austra
- Student Exchang
- Foreign Professo
- Faculty from IIT,
- Industry experie
- Industry Linkage
- Certification on
- Business Analyti
- Portfolio Manag
- Finance Lab, AR
- Regular Industry
- Sports & Extra C

Admission H

Apply Now

Admission Office : Ashram Building, GN-34/2, Sector-5, Salt Lake, Electronics Complex, Kolkata-700091.

Call : 033-2357-2995, 033- 2357-2059. email : admissions@iemcal.com


P.T.O

পাথর, কখনও আবার উড়ে আসছে প্যাকেটবন্দি মূত্র। সম্প্রতি ওই সব ঘটনায় এ পর্যন্ত কাউকেই ধরতে পারেনি পুলিশ।

পাথরের আঘাতে আহত যাত্রী শিল্পীর স্বামী আশিসবাবু শুক্রবার রাতে বারাসত জিআরপিতে অভিযোগ দায়ের করেন। পুলিশকে তিনি জানান, বিরাটিতে মায়ের সঙ্গে দেখা করে মাতৃভূমি লোকালে চেপে গুমায় শ্বশুরবাড়ি ফিরছিলেন পেশায় ঠিকাকর্মী শিল্পী। এ দিন তিনি জানান, চালকের ঠিক পরের কামরার দরজার পাশে তিনি দাঁড়িয়ে ছিলেন। বারাসত ছেড়ে বামনগাছি ঢোকার পথে হঠাৎই একদল দুষ্কৃতী ট্রেন লক্ষ্য করে পাথর ছুড়তে থাকে। কিছু বুঝে ওঠার আগেই একটি পাথর এসে তাঁর বাঁ-পায়ে লাগে বলে শিল্পী জানান। তাতে তাঁর পা ফেটে রক্ত ঝরতে থাকে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বামনগাছি স্টেশনে ট্রেন থামতেই শিল্পীর সহযাত্রী মহিলারা রেল পুলিশকে ডেকে আনেন। ওই ট্রেনেই শিল্পীকে নিয়ে গিয়ে ভর্তি করা হয় হাবড়া হাসপাতালে। আঘাত গুরুতর হওয়ায় তাঁকে বারাসত হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানেই তাঁর পায়ে সেলাই হয়।

সম্প্রতি শিয়ালদহ-বনগাঁ, দক্ষিণ, এবং হাওড়া শাখার ট্রেন লক্ষ্য করে পাথর ও নোংরা ছোড়া হয়। শিয়ালদহ-বনগাঁ শাখায় বামনগাছিতেই চলন্ত ট্রেনে পাথর উড়ে এসে মুখ ফাটে সাত বছরের এক বালিকার। বারাসত কলেজের এক শিক্ষিকা বলেন, "পরপর পাথর ছোড়ার ঘটনা মনে করিয়ে দিচ্ছে সেই ১৫ বছর আগের স্মৃতি। সেই সময়ে শিয়ালদহ থেকে বনগাঁ এবং বসিরহাট শাখার ট্রেন লক্ষ্য করে নিয়মিত পাথর ছোড়া হত। যাত্রীরা ওই দুষ্কৃতীদের নাম দিয়েছিল রেলের স্টোন ম্যান।"

শুক্রবার ওই ট্রেনেই ছিলেন বাগাইহাতির বাসিন্দা স্কুল শিক্ষিকা পূজা বন্দ্যোপাধ্যায়। এ দিন তিনি বলেন, "শুধু পুলিশকে দোষ দিলেই হবে না। আমাদেরও দায়িত্ব নিয়ে এমন বর্বর মানসিকতা দমন করতে হবে। না হলে কয়েক দিন পরে মহিলারা ট্রেনে চড়তেই ভয় পাবেন।" অভিযুক্তদের ধরতে না পারলেও পরের পর এমন ঘটনায় যে যাত্রীরা আতঙ্কিত, তা শনিবার স্বীকার করেছেন ওই শাখার রেল পুলিশের পদস্থ এক কর্তা।

## অর্জুনের ভাইপোর বাড়িতে তল্লাশি

ব্যারাকপুরের বিজেপি সাংসদ অর্জুন সিংহের ভাইপো সঞ্জিত সিংহের বাড়িতে তল্লাশি চালালেন ব্যারাকপুর সিটি পুলিশের গোয়েন্দারা। পুলিশ সূত্রের খবর, মাসখানেক আগে ভাটপাড়া-নৈহাটি সমবায় ব্যাঙ্কের আর্থিক দুর্নীতির তদন্ত শুরু করে গোয়েন্দা দফতর। তদন্তে দেখা যায়, সঞ্জিত একটি সংস্থার নামে ৫৪ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন। কেন তিনি এত টাকা ঋণ নিয়েছিলেন, কোন খাতে সেই টাকা খরচ হয়েছিল, তা নিয়ে তদন্ত শুরু করেছেন গোয়েন্দারা। সেই সূত্রেই শনিবার সঞ্জিতের বাড়িতে যান তাঁরা।

*নিজস্ব সংবাদদাতা*

Max Package : 40 Lakh

SREI | NASSCOM | Flipkart | PHILIPS | HDFC BANK | Capgemini | ICICI Bank | IBM

Admission Office : Ashram Building, GN-34/2, Sector-5, Salt Lake, Electronics Complex

Call : 033-2357-2995, 033-2357-2059. email : admissions@iemcal.com

বিজ্ঞাপন


LIC

লাইফ ইন্সিওরেন্স কর্পোরেশন অফ ইণ্ডিয়া
LIFE INSURANCE CORPORATION OF INDIA

জীবন

পেনশনের এব

উভয়ের জন্য



MR. DINESH
Zonal Man
LIC of India, Eas

**প্রশ্ন: পেনশন কেন প্রয়োজনীয়?**

**উত্তর:** আমরা সবাই জানি যে চিকিৎসা বিজ্ঞানের উন্নতির কারণে আমাদের গড় আয়ু বেড়ে গেছে। তাই পেনশন ছাড়া দীর্ঘদিন বেঁচে থাকা এক ধরনের ঝুঁকি, কারণ – নিয়মিত আয় ছাড়া দৈনন্দিন খরচ ও চিকিৎসা সংক্রান্ত খরচ সঙ্কুলান সম্ভব নয়। তাই পেনশন পরিকল্পনা এমনভাবে নিতে হবে যাতে উপার্জনের ক্ষমতা বন্ধ হয়ে গেলে জীবন নির্বাহ কষ্টসাধ্য না হয়। একমাত্র সুনিশ্চিত পেনশন দিতে পারে বেঁচে থাকার খরচ সঙ্কুলিত আয়।

**প্রশ্ন: 'জীবন শান্তি' কীভাবে পেনশনের এই প্রয়োজনীয়তার উত্তর হতে পারে?**

**উত্তর:** 'জীবন শান্তি' একটি অভূতপূর্ব, উদ্ভাবনী পলিসি, যা কোনও ব্যক্তিকে আজীবন পেনশন প্রদান করে। তারপর একই হারে তার স্ত্রী/স্বামীকে পেনশন দেয় এবং দ্বিতীয়জনের মৃত্যুর পর সম্পূর্ণ ক্রয়মূল্য নমিনিকে ফেরত দেয় (অপশন 'J'। অবসরের পর বা বার্ধক্যে 'জীবন শান্তি' নিয়মিত, নিশ্চত এবং পর্যাপ্ত আয় দিতে সক্ষম – এটা আমি নির্দ্বিধায় বলতে পারি।

**প্রশ্ন: এই প্ল্যানটি নতুন প্রজন্মের যুবা এবং প্রবীণদের জন্য কতটা প্রয়োজনীয়?**

**উত্তর:** অত্যন্ত প্রয়োজনীয়। বর্তমান প্রজন্মের যুবারা যে সমস্ত ক্ষেত্রে কাজ করছেন, তার বেশিরভাগ ক্ষেত্রেই পেনশনের সুবিধা নেই। সর্বোপরি, দীর্ঘ এবং অনিয়মিত কাজের সময়ের জন্য তাদের কর্মক্ষমতা ষাট বছরের আগেই শেষ হয়ে যাচ্ছে। যদি এরা 15/20 বছর deferment period-এ 'জীবন শান্তি' নিয়ে থাকেন তবে তারা সুনিশ্চিত হারে পেনশনের মাধ্যমে তাদের ভবিষ্যৎ জীবন সুরক্ষিত রাখতে পারবেন। এটা লক্ষণীয় যে, এই পলিসির মাধ্যমে ভবিষ্যতে পেনশন পাওয়ার হার কিন্তু আজকের তারিখেই সুরক্ষিত হচ্ছে এবং একই সাথে ক্রম হ্রাসমান সুদের কারণে বাজারের অনিশ্চয়তাজনিত ঝুঁকিরও মোকাবিলা করা যাবে।

**প্রশ্ন: প্রবীণ মানুষদের জন্য এটা কতটা উপযোগী?**

**উত্তর:** একজন প্রবীণ মানুষ, ধরা যাক ৫৮ বছর (স্ত্রী ৫০ বছর) যদি 'জীবন শান্তি'-তে ২৫ লাখ সিঙ্গল প্রিমিয়াম (অপশন 'J') হিসেবে জমা করেন তবে তিনি ১১,৩০২ টাকা পরের মাস

**বয়স: স্বামী – 45 বছর,**

| Purchase Price | Immediate Annuity - |
|---|---|
| | Option - 'J' |
| 10 Lakh | 55,600 |
| 15 Lakh | 83,400 |

পে
আ
স্ত্রী
কা
সু
শা
ব্য
প্রশ্ন
তা
উত্ত
পেন
উল্লে
স্ত্রী/
এবং
পাবে
প্রশ্ন:
সুরক্ষ
উত্তর
ক্রয়
নমিনি
ক্রয়মূ
পেনশ
প্রশ্ন:
উত্তর

1559/04/2020

56/WBHRC/SMC/2020.

West Bengal
Human Rights
Commission

File No.

Date 16.03.2020

Enclosed is the news clippings appeared in the "Ananda Bazar Patrika", a Bengali daily dated 15.03.2020, the news item is captioned, "মাতৃভূমি লোকালে পাথর, জখম তরুণী"।

Superintendent of Railway Police, Sealdah, is directed to cause an enquiry into the matter and to furnish a report to the Commission by 30th April, 2020.

(Justice Girish Chandra Gupta)

Chairperson

16/3/2020

(Naparajit Mukherjee)

Member

Encl: News Item Dt. 15.03.3030

Ld. Registrar to keep NHRC posted about cognizance taken on the subject by WBHRC and upload in the website.

Done